

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
শিশু কল্যাণ ট্রাস্ট  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ভবন

মিরপুর-২, ঢাকা-১২১৬

সভাপতি হাবিবুর রহমান  
পরিচালক (অতি: সচিব)  
সভার তারিখ ২৬ জুলাই ২০২০ খ্রি:  
সভার সময় বিকাল ৪: ৩০ ঘটিকা  
স্থান ভার্চুয়াল সভা  
উপস্থিতি সভার উপস্থিতি "ক" তে দেখানো হয়েছে।

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অধ্যকার সভার আলোচ্যসূচি ভিত্তিক গৃহীত সিদ্ধান্তসমূহ অনুচ্ছেদওয়ারী নিয়ে বর্ণিত হলো।

ক্র: নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.০	২০১৯-২০ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান।	২০১৯-২০ অর্থ বছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে শুদ্ধাচার পুরস্কারের সূচক সম্বলিত ফরমে মূল্যায়নের ফলাফল পর্যালোচনা করে একত্রিত করে দেখা যায় যে, কর্মকর্তা ক্যাটাগরীতে (১ম-১০ম গ্রেড) জনাব প্রবীর কুমার হালদার, সহকারি পরিচালক (প্রশাসন ও অর্থ), শিশু কল্যাণ ট্রাস্ট সর্বোচ্চ ৯৪ মার্ক এবং কর্মচারীদের (১১শ-২০তম গ্রেড) জনাব মোশাররফ হোসেন, পিএ কাম কম্পিউটার অপারেটর, শিশু কল্যাণ ট্রাস্ট সর্বোচ্চ ৯৩মার্ক পেয়েছেন। নৈতিকতা কমিটি/বাছাই কমিটির মূল্যায়নের ভিত্তিতে সর্বোচ্চ মার্ক পাওয়ায় দুটি ক্যাটাগরীতে জনাব প্রবীর কুমার হালদার, সহকারি পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং জনাব মোশাররফ হোসেন, পিএ কাম কম্পিউটার অপারেটর-কে ২০১৯-২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়ে সকলে একমত পোষণ করেন।	নৈতিকতা কমিটি/বাছাই কমিটির মূল্যায়নের ভিত্তিতে সর্বোচ্চ মার্ক পাওয়ায় কর্মকর্তাদের ক্যাটাগরী (১ম-১০ম গ্রেড) জনাব প্রবীর কুমার হালদার, সহকারি পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং কর্মচারীদের (১১শ-২০তম) গ্রেডে জনাব মোশাররফ হোসেন, পিএ কাম কম্পিউটার অপারেটর-কে ২০১৯-২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলের সক্রিয় অংশগ্রহণ এবং নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের আহ্বান জানিয়ে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



হাবিবুর রহমান  
পরিচালক (অতি: সচিব)